

প্রতিশ্রুতি পূরণে আমরা সর্বতোভাবে প্রয়াস চালিয়ে যাব

—পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী

বামফ্রন্ট সরকারের শাসনকালের এগারো বছর পূর্তি উপলক্ষে আমি পশ্চিমবঙ্গবাসীর উদ্দেশ্যে জানাই আমার অভিনন্দন ও শ্রুভেচ্ছা, তাঁদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতার পুঙ্খট হলে আমরা সঠিক পথে এগিয়ে চলেছি এবং বিভিন্ন কর্মসূচি রূপায়ণে নিয়ত আছি। যদিও আমাদের সামনে রয়েছে বর্তমানকালের আর্থ-সামাজিক কাঠামোর সীমাবদ্ধতা, ভারত সরকারের অসহযোগিতামূলক ও বৈষম্যপূর্ণ মনোভাব এবং আমাদের অর্থাৎ রাজ্য সরকারের হাতে সীমিত ক্ষমতা। এই ক'টি বছরে আমরা চেষ্টা করে চলেছি বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প কর্মসূচিগুলি রূপায়ণের মধ্য দিয়ে সাধারণ মানুষের প্রয়োজনকে অগ্রাধিকার দিতে। সর্বদাই আমরা বৈ-নীতি অনুসরণ করে চলেছি তা হ'ল প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠানগুলির মারফৎ জনগণের সঙ্গে যোগাযোগ রক্ষা করা এবং জনজীবন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে তাঁদের সঙ্গে মতামত বিনিময় করা।

বিগত এগারো বছর ধরে আমাদের সরকার স্বল্প-সুবিধাজোগী এবং খেটে খাওয়া মানুষদের স্বার্থরক্ষার উপর বিশেষ গুরুত্ব দিয়ে চলেছে। গণতান্ত্রিক অধিকার ও নাগরিক স্বাধীনতা সর্বসাধারণের জন্য আমরা সুনিশ্চিত করেছি।

ভূমি সংস্কারের উপর জোর দিয়ে আমাদের সরকার যে গ্রামোন্নয়ন কর্মসূচি হাতে নিয়েছে তা সারা দেশের দৃষ্টি আকর্ষণ করেছে। পরিকল্পনার বিকেন্দ্রিকরণ এবং বিভিন্ন গ্রামোন্নয়ন কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে পকারেতগুলিকে শামিল করার ফলে গ্রামাঞ্চলে লক্ষণীয় পরিবর্তন এসেছে। নিবীচিত পৌরসভা ও পৌরসংস্থা-গুলি মারফৎ শহরগুলির মানুষকে আরো উন্নত নাগরিক সুযোগ-সুবিধা দেওয়ার জন্য আমরা আন্তরিকভাবে চেষ্টা করছি। শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে পরিস্থিতির যাতে উল্লেখযোগ্য উন্নতি ঘটে সেদিকে সর্বদাই আমরা মন্বয় রেখেছি। ছোট, মাঝারি ও বড় শিল্প বিনিয়োগকারীদের উৎসাহদানের জন্য আমরা আন্তরিকভাবে চেষ্টা করছি। কৃষি এবং কৃষায়তন ও মাঝারি শিল্পের ক্ষেত্রে খুবই উৎসাহবাজক ফলশ্রুতি করা গেলেও কৃষায়তন শিল্পের ক্ষেত্রে এখনো অনেক কিছু করার আছে, অর্থাৎ রাজ্য সরকারের এ ব্যাপারে নিয়ন্ত্রণ ক্ষমতা খুবই সীমিত। এবং এই ক্ষেত্রের সমস্যা আরো বেড়েছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে বিনিয়োগের অভাবে। ভারত সরকারের নীতির দরুন জাতীয় অর্থনীতি এখন তীব্র সংকটে ভুগছে, তবু পশ্চিমবঙ্গে শিল্পের আবহাওয়া কিন্তু বিনিয়োগের পক্ষে অনুকূল। এই যুহুতে আমরা এক গভীর উদ্বেগের মধ্য দিয়ে চলেছি, কারণ কেন্দ্রীয় সরকারের হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রকল্প এবং বক্রেশ্বর তাপ প্রকল্প সম্বন্ধে সিদ্ধান্ত নিতে বিলম্ব। এরকম অনেকগুলি বকেয়া প্রকল্পের মধ্যে এই দুটিরই যাত্রা এখনো উল্লেখ করা হল। এই প্রকল্প দুটি চালানু হলে আমাদের রাজ্য নিশ্চিতভাবেই বেশ খানিকটা এগিয়ে যাবে।

ভারতবর্ষের বহু অংশে আজ যখন বিশৃংখলা ও অস্থিরতা বিরাজ করছে তখন পশ্চিমবঙ্গে সুস্থিরতার ছবি সুস্পষ্ট। আমাদের রাজ্য কোনরকম সাম্প্রদায়িক, জাতপাত খিটিত কিংবা ভাষাগত দ্বন্দ্ব দূর্ণ নয়। তবে ঐতিহাসিক পার্বত্য অঞ্চলের পরিস্থিতি তবু পশ্চিমবঙ্গের নয়, সমগ্র দেশেরই পক্ষে উদ্বেগের কারণ হয়ে রয়েছে। শ্রমোজ্ঞানীর প্রশাসনিক ব্যবস্থাপনার পাশাপাশি আমরা এই সময়ের রাজনৈতিক সমাধানের জন্য চেষ্টা করে যাচ্ছি।

পশ্চিমবঙ্গের বিকাশ ও সমৃদ্ধির জন্য আগুন আমরা কাঁধে কাঁধ দিয়ে একদাণে কাজ করার অঙ্গীকার আবার মজুন করে গ্রহণ করি। সরকারের তরফ থেকে আমরা রাজ্যের জনগণের কাছে আমাদের দেওয়া প্রতিশ্রুতি পূরণে সর্বতোভাবে প্রয়াস চালিয়ে যাব।

পশ্চিমবঙ্গ সরকার

Rs. Three only

Editor: SAROJ MUKHOPADHAYA

Office: Muzaffar Ahmad Bhaban, 31, Ahmuddin Street Calcutta-16
